# এনডিপি বন্যা বার্তা

নদী বিধৌত সমতল ভূমির দেশ বাংলাদেশ। ছোট বড় প্রায় ২৫০টি নদী ঘিরে রেখেছে বাংলাদেশকে। ভৌগলিক অবস্থানের কারণেই এদেশ নানা ধরণের প্রাকৃতিক দুর্যোগের সম্মুখীন হয়। দুর্যোগগুলোর মধ্যে বন্যা অন্যতম। পাহাড়ি বৃষ্টিপাত ও হিমালয়ের বরফ গলা পানি প্রতি বছরই গরীব ও অসহায় মানুষগুলোর জীবন দুর্বিসহ করে তোলে। বিভিন্ন অঞ্চলের নদী ঘেষা মানুষগুলো বন্যার কারণে আর্থিক ও স্বাস্থ্যগত ব্যাপক ক্ষতির শিকার হয়। অধিক ক্ষতিগ্রস্থ অঞ্চলের মধ্যে সিরাজগঞ্জ জেলা অন্যতম। জেলায় বিভিন্ন সময়ে অনেক বড় বড় বন্যার ফলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এই ক্ষতি কমিয়ে আনতে এবং অসহায় ও গরীব মানুষের স্বাস্থ্যগত ঝুঁকি কমাতে এনডিপি ১৯৯২ সাল থেকে বন্যায় আক্রান্তদের জন্য বিভিন্ন ধরণের মানবিক সহায়তামূলক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০২০ সালের দীর্ঘ বন্যায়ও ক্ষতিগ্রস্থ মানুষদের মানবিক সহায়তার লক্ষ্যে এনডিপি বেশকিছু কর্মসূচি গ্রহণ করেছে। ডিসেম্বর ২০২০ পর্যন্ত বন্যাকালীন ও বন্যা পরবর্তী সময়ে পুনর্বাসন সংক্রান্ত যে সকল কার্যক্রম এনডিপি কর্তৃক বাস্তবায়ন করা হয়েছে তা সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হলোঃ

## ইউনিসেফ এর ওয়াশ, চাইল্ড প্রটেকশন ও নিউট্রিশন সুবিধা

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে "Provision of WASH, Child Protection and Nutrition support to the flood affected people amidst the COVID pandemic in Sirajganj District during 2020" প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে। ইউনিসেফ এর আর্থিক সহায়তায় সিরাজগঞ্জ জেলার ৫টি উপজেলা সিরাজগঞ্জ সদর, কাজিপুর, শাহ্জাদপুর, বেলকুচি ও চৌহালী উপজেলায় চলমান রয়েছে প্রকল্পের কার্যক্রম। মূলত বন্যায় ক্ষতিগ্রস্থদের প্রাধান্য দিয়ে স্যানিটেশন সুবিধা, চাইল্ড প্রটেকশন ও নিউট্রিশন সুবিধা প্রদান করা হচ্ছে।

সেপ্টেম্বর ২০২০ থেকে আনুষ্ঠানিকভাবে প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম শুরু করা হয়। এর-ই ধারাবাহিকতায় ইউনিসেফ এর চিফ অফ ফিল্ড (রংপুর ও রাজশাহী) বিভাগের প্রধান নাজিবুল্লাহ হামিম এর নেতৃত্বে একটি টিম প্রকল্প পরিদর্শনে আসেন।



*স্ক্রিনিং ক্যাম্পের অংশ বিশেষ*

২৩ নভেম্বর ২০২০ পরিদর্শনকালে তিনি প্রকল্প বাস্তবায়নাধীন কাজিপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি থাকা স্যাম বাচ্চাদের চিকিৎসার খোজ-খবর নেন। এ সময় হাসপাতাল কর্তৃপক্ষের আরএমও ইউনিসেফের টিমকে স্বাগত জানায়।



*কাজিপুর উপজেলা স্বাস্থ্য কম্প্লেক্সে বাচ্চাদের খোজ খবর নিচ্ছেন ইউনিসেফ এর চিফ অফ ফিল্ড নাজিবুল্লাহ হামিম*

এছাড়া তিনি কাজিপুর উপজেলার তেকানি ইউনিয়নের বেশ কয়েকটি গ্রামের ওয়াশ, নিউট্রিশন ও চাইল্ড প্রোটেকশন কম্পোনেন্টের উপকারভোগীদের সাথে মতবিনিময় করেন এবং প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণ করেন।

প্রকল্পের মাধ্যমে এখন পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রমগুলোর মধ্যে ওয়াশ কম্পোনেন্টে ডাবল প্লাটফর্ম টিউবওয়েল ০৬টি, টিউবওয়েল রিপেয়ারিং ৩০টি, ইমারজেন্সি ল্যাট্রিন ৩০টি, ডিজাবল এন্ড এল্ডারলি ফ্রেন্ডলি ল্যাট্রিন ০৭টি, ড্যামেজ ল্যাট্রিন রিপেয়ারিং ৫০টি, বাথিং কিউবিক্যাল ০৫টি স্থাপন করা হয়েছে। এছাড়াও প্রজেক্ট ইনফরমেশন শেয়ারিং মিটিং ০৪টি, হাইজিন সেশান ৩৫০টি, ওয়াটার সেফটিপ্ল্যান সেশান ৩০টি সম্পন্ন করা হয়েছে।

নিউট্রিশন কম্পোনেন্টে ৬-৫৯ মাস বয়সী স্যাম বাচ্চাদের স্ক্রিনিং ক্যাম্পের মাধ্যমে সেবা প্রদান ৭,২৪০টি ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবা প্রদান করা হয়েছে ৯০টি বাচ্চাকে। স্ক্রিনিং এর পাশাপাশি ৫৪০জন গর্ভবতী ও দুগ্ধদানকারী মায়েদের সাথে কাউন্সিলিং সম্পন্ন করা হয়েছে।

একই সাথে চাইল্ড প্রটেকশন কম্পোনেন্ট এর আওতায় ০৪টি HUB সেন্টার ও ০১টি বিলবোর্ড স্থাপন করা হয়েছে। পাশাপাশি বন্যায় ক্ষতিগ্রস্থ ১০০ জন



টিউবওয়েল প্লাটফর্ম ও ল্যাট্রিন পরিদর্শন করছেন ইউনিসেফ এর চিফ ফিল্ড নাজিবুল্লাহ হামিম এবং ওয়াশ স্পেশালিস্ট মোস্তফা নিয়াজ

শিশুকে শীত বস্ত্রসহ বিভিন্ন উপকরণ প্রদান করা হয়েছে। এছাড়াও উপজেলা পর্যায়ে প্রকল্প অবহিতকরণ সভা ০২টি, সামাজিক সচেতনতা বৃদ্ধিতে সেশন ১০০টিসহ ৮০ জন ইয়ূথ ভলান্টিয়াকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

পরিদর্শন টিমে ওয়াশ স্পেশালিষ্ট মোস্তফানিয়াজ, চাইল্ড প্রটেকশন অফিসার জেসমিন বি. হোসাইন, নিউট্রিশান অফিসার এস.কে শহিদুল হাসান, প্রাগ্রাম অফিসার বেগম জেরিনা রেশমা, ও ওয়াশ অফিসার রুহুল আমিন উপস্থিত ছিলেন। এছাড়াও এনডিপির পরিচালক (কর্মসূচি) মোহা. শাহআজাদ ইকবাল, উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান, ব্যবস্থাপক (প্রশিক্ষণ) নুরুন নাহার চৌধুরী, উপ-ব্যবস্থাপক সোমা দাস, সহকারী ব্যবস্থাপক (এমএন্ডই) শাফিউল কাফি সুমন ও সহকারী ব্যবস্থাপক (আরএন্ডডি) মোঃ জানাফার ইসলাম উপস্থিত ছিলেন।

## বিশ্ব খাদ্য কর্মসূচি কর্তৃক ৫০ হাজার পরিবারকে মানবিক সহায়তা

**Anticipatory Humanitarian Response for 2020 Monsoon Floods in Bangladesh** প্রকল্পটি জাতিসংঘের সেন্ট্রাল ইমারজেন্সি রেসপন্ড ফান্ড এর অর্থায়নে ও জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচির সহায়তায় এনডিপি বাস্তবায়ন করছে। মূলত বন্যায় ক্ষতিগ্রস্থ মানুষকে সহায়তা করাই প্রকল্পের একমাত্র উদ্দেশ্য। করোনা ভাইরাস এর প্রাদুর্ভান মোকাবেলায় সহায়তার অর্থ বিকাশের মাধ্যমে প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সেই লক্ষ্য বাস্তবায়নে ৫০ হাজার মানুষের ডাটাবেজ তৈরি করে বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ, বগুড়া ও জামালপুর জেলায় বন্যায় ক্ষতিগ্রস্থ মানুষকে আর্থিক সহযোগিতা প্রদান করা হয়। এলক্ষ্যে তিনটি জেলার নির্ধারিত উপজেলায় প্রকল্প অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। এর-ই মধ্যে ২২ শে জুন ২০২০ বগুড়া জেলার ধুনট উপজেলায় ইনসেপশন মিটিং এর আয়োজন করা হয়। সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা সঞ্জয় কুমার মহন্ত এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধুনট উপজেলা পরিষদ চেয়ারম্যান আব্দুল হাই খোকন। এসময় প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন বিষয় নিয়ে



*ইনসেপশন মিটিং এর অংশ বিশেষ*

আলোচনা করা হয়। এছাড়া আরো উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা মহিলা নিষয়ক কর্মকর্তা, ইউ.পি চেয়ারম্যান ও এনডিপি এর প্রকল্প কর্মকর্তা মোঃ ফজল করিমসহ প্রমূখ।

প্রসঙ্গত প্রকল্পের মাধ্যমে তিন জেলার বন্যা কবলিত ১০ হাজার মানুষকে বিকাশের মাধ্যমে ৪,৫০০ টাকা করে সহায়তা প্রদান করা হয়েছে এবং পর্যায়ক্রমে এটি সম্পন্ন করা হবে।

## স্টার্ট ফান্ড বাংলাদেশ এর পক্ষ হতে নগদ অর্থ ও হাইজিন কিট



বিতরণ অনুষ্ঠানে টাঙ্গাইল-২ আসনের মাননীয় সংসদ সদস্য তানভীর হাসান ছোট মনির

স্টার্ট ফান্ড বাংলাদেশ এর অর্থায়নে মৌসুমী বন্যায় ক্ষতিগ্রস্থদের মানবিক সহায়তায় নগদ অর্থ ও হাইজিন কিট বিতরণ করা হয়। উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় ও স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বয়ে মাঠ পর্যায়ে জরিপের মাধ্যমে প্রকল্পের উপকারভোগী নির্বাচন করা হয়। এর-ই প্রেক্ষিতে টাঙ্গাইল জেলার ভূঞাপুর উপজেলার গাবসারা ইউনিয়নে ৪০০টি ও অর্জুনা ইউনিয়নের ৪০০টি মোট ৮০০টি পরিবারের মাঝে এ সহায়তা প্রদান করা হয়। বিতরণ কর্মসূচিতে গাবসার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ মনিরুজ্জামান এর সভাপতিত্বে প্রধান অতিথি

হিসেবে উপস্থিত ছিলেন টাঙ্গাইল-২ আসনের মাননীয় সংসদ সদস্য তানভীর হাসান ছোট মনির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, "বেসরকারী উন্নয়ন সংস্থা হিসেবে এনডিপি প্রথম, যারা এই অঞ্চলের মানুষকে সহায়তা প্রদান করছে। এজন্য তিনি এনডিপিকে ধন্যবাদ জানান।"

বাংলাদেশ সরকারের নির্দেশনা অনুযায়ী সামাজিক দুরত্ব বজায় রেখে ২২ ও ২৪ আগষ্ট ২০২০ বিতরণ অনুষ্ঠান সম্পন্ন করা হয়। সহায়তা হিসেবে প্রত্যেক পরিবারকে নগদ ৩,০০০ (তিন হাজার) টাকা ও ১৮০০ টাকা সমমূল্যের হাইজিন কিট-সুগন্ধি সাবান ১০টি, ডিটারজেন্ট পাউডার ১ কেজি, ঢাকনা ও ট্যাপসহ বালতি ১টি (২০ লিটার), সার্জিকাল মাস্ক ৫০টি, প্লাস্টিক মগ ১টি, স্যানিটারি প্যাড ৩ প্যাকেট, আইইসি ম্যাটেরিয়াল (কালার প্রিন্ট) ১টি প্রদান করা হয়। এছাড়াও ০৬টি ল্যাট্রিন, ০৮টি নিউ টিউবওয়েল, ২০টি প্লাটফর্ম ও টিউবওয়েল রিপেয়ারিং এবং ৩০টি টিউবওয়েলের গোড়া পাকা করা হয়।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান, ভুঞাপুর উপজেলা উপ-সহকারী প্রকৌশলী এলজিইডি মির্জা মোঃ মনিরুজ্জামান, **ACF** এর কর্মকর্তা সুজিত কুমার, ভুঞাপুর উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান মনিরুল ইসলাম বাবু, মহিলা ভাইস চেয়ারম্যান আলিফ নুর মিনি, গোবিন্দাসী ইউপি চেয়ারম্যান (সাবেক) মোঃ আমিনুল ইসলাম আমিন, নিকরাইল ইউপি চেয়ারম্যান মোঃ আ. মতিন সরকার প্রমূখ। এছাড়াও অনুষ্ঠানে এনডিপি'র কর্মকর্তাবৃন্দ ও স্থানীয় ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## EDUCO এর অর্থায়নে জরুরী ভিত্তিতে খাবার সহায়তা



*বিতরণ অনুষ্ঠানে এনডিপি'র উপ-পরিচালক ও EDUCO এর প্রতিনিধিবৃন্দ*

চাইল্ড ফান্ড কোরিয়া এবং *educo* এর অর্থায়নে জরুরী ভিত্তিতে বন্যায় আক্রান্তদের সহায়তা প্রদান করা হয়েছে। দাতা সংস্থার নির্দেশনা অনুযায়ী উপকারভোগী নির্বাচন ও বিতরণ সম্পন্ন করে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার সয়দাবাদ, কালিয়াহরিপুর, সোনগাছা ও খোকশাবাড়ি এবং কাজিপুর উপজেলার মাইজবাড়ি, খাসরাজবাড়ি ও শুভগাছা ইউনিয়নে বন্যায় আক্রান্ত দুস্থ মানুষের মাঝে এই সহয়তা প্রদান করা হয়।

খোকশাবাড়ি ইউনিয়নে বিতরণ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার পারভেজ। **"তিনি এনডিপি'র সকল মানবিক কার্যক্রমকে উল্লেখ করে সংস্থার নির্বাহী পরিচালককে ধন্যবাদ জানান একইসাথে সরকারের পক্ষ থেকে সকল সহযোগিতার আশ্বাস ব্যাক্ত করেন।"**

সহায়তা হিসেবে প্রত্যেক পরিবারকে সিদ্ধ চাল ১৫ কেজি, ডাল ২ কেজি, আলু ৩ কেজি, ভোজ্য তেল ১ লিটার, লবন ১ কেজি, চিনি ১ কেজি, সুগন্ধি সাবান ২টি, ডিটারজেন্ট পাউডার ১ কেজি, স্যানেটারি ন্যাপকিন ২ প্যাকেট, সার্জিকাল মাস্ক ১০টি, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট ২০টি এবং সচেতনতার বৃদ্ধির জন্য ১টি লিফলেট বিতরণ করা হয়।

১৯ ও ২০ অক্টোবর ২০২০ যথাক্রমে উল্লেখিত ইউনিয়নের ২,০০০ পরিবারের মাঝে এ সহায়তা প্রদান করা হয়েছে। এসময় *educo* এর প্রোগ্রাম অফিসার তাহমিনা আক্তার ও ম্যানেজার (দূর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা) কাজী আব্দুল কাদের উপস্থিত ছিলেন। এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান এর নেতৃত্বে বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। এছাড়াও এনডিপি'র সহকারী ব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ ও সহকারী ব্যবস্থাপক (এমএন্ডই) শাফি-উল কাফি সুমন বিতরণ কার্যক্রমে সম্পৃক্ত ছিলেন।

# বিশ্ব খাদ্য সংস্থা কর্তৃক বিভিন্ন কার্যক্রম পরিদর্শন

কোরিয়া ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট এজেন্সির আর্থিক ও বিশ্ব খাদ্য সংস্থার কারিগরি সহায়তায় বাস্তবায়িত Building Resilience to Achieve Zero Hunger (BRAZH) প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। কুড়িগ্রাম জেলার চিলমারী ও উলিপুর উপজেলাধীন অষ্টমীর চর, রাণীগঞ্জ ও সাহেবের আলগা ইউনিয়নে প্রকল্প বাস্তবায়ন করছে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

১৮ই অক্টোবর ২০২০ প্রকল্পের কার্যক্রম পরিদর্শনে আসে জাতিসংঘ এজেন্সির বিশ্ব খাদ্য সংস্থা, জাতি সংঘের মহিলা বিষয়ক সংস্থা, ইউরোপিয় ইউনিয়ন এবং ব্রিটিশ হাইকমিশনের উর্ধ্বতন কর্মকর্তার এক বিশেষ প্রতিনিধি দল। এসময় উক্ত অঞ্চলের বাস্তবায়িত কার্যক্রমসহ প্রকল্পভুক্ত মানুষের জীবনযাপন পরিদর্শন করেন। বন্যার পূর্বাভাসজনিত আগাম আর্থিক সহায়তা বা Forecast Base Financing Support পাওয়া উপকারভোগী সদস্যদের সাথে প্রতিনিধি দল দীর্ঘ সময় মতবিনিময় করেন। একইসাথে সহায়তা পাওয়ার পূর্বের ও বর্তমান অবস্থা সম্পর্কে অভিমত জানতে চান। প্রতি উত্তোরে উপকারভোগীবৃন্দ তাদের আনন্দ প্রকাশ করেন।



*বিশ্ব খাদ্য সংস্থার ফিল্ড ভিজিটের অংশ বিশেষ*

প্রকল্পের উপকারভোগী রহিমা বগেম বলেন, সহায়তা পাওয়ায় তার দলের সদস্যগণ বন্যার দুযোর্গ ঝুঁকি থেকে পূর্বের অবস্থায় ফিরে আসতে সক্ষম হয়েছেন। তারা এরুপ কার্যক্রম কখনোই দেখেননি। এমনকি বন্যার পূর্বেই আর্থিক সহায়তার কথা তারা কখনো কল্পনাও করেননি। এজন্য উপকারভোগীগণ এনডিপি ও জাতিসংঘ এর বিশ্ব খাদ্য সংস্থা কে আন্তরিক ধন্যবাদ জানান। একইসাথে দূর্যোগ পরবর্তী সময়ে কাজ থাকে না উল্লেখ করে, কর্মসংস্থান সৃষ্টি জন্য বাংলাদেশ সরকার ও জাতিসংঘের প্রতি অনুরোধ করেন।

প্রতিনিধি দল কর্মএলাকা পরিদর্শন করে বাস্তবায়নকারী সংস্থা এনডিপি ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ধন্যবাদ জানান। প্রতিনিধি দল ভবিষ্যতে সদস্যদের ঋতুভিত্তিক জীবিকায়ন কর্মসূচীসহ জলবায়ু বীমার আওতায় অর্ন্তভূক্তির জন্য সম্মতি জ্ঞাপন করেন এবং উক্ত সহায়তা বলবৎ থাকবে বলেও আশাবাদ ব্যক্ত করেন।

প্রতিনিধি দলে বিশ্বখাদ্য সংস্থার রংপুর অঞ্চলের প্রধান মিস বিথিকা বিশ্বাস এবং প্রকল্পের ফোকাল পারসন মি. সাদেক আলী উপস্থিত ছিলেন। এনডিপির পক্ষে সার্বিক সহযোগিতা প্রদান করেন প্রকল্প কো-অর্ডিনেটর কাজী গোলাম কিবরিয়া।


## সম্পাদনা পরিষদ

সম্পাদক ঃ

মোঃ আলাউদ্দিন খান

নির্বাহী পরিচালক

প্রণয়নে ঃ

মোল্লা আব্দুল্লাহ আল মেহদী

ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

মোঃ জানাফার ইসলাম

সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

প্রকাশনায় ঃ

রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)



যোগাযোগ ঃ

এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

টেলিফোন: ০৭৫১-৬৩৮৭০-১, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০০, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭

ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট : www.ndpbd.org